# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫৫৬

৪১/ জান্নাতের বিবরণ (كتاب صفة الجنة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ এই বিষয়ে আর একটি অনুচ্ছেদ।

بَابٌ مِنْهُ

---

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ طَرِيفٍ الْكُوفِيُّ، حَدَّثَنَا جَابِرُ بْنُ نُوحٍ الْحِمَّانِيُّ، عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " تُضَامُّونَ فِي رُؤْيَةِ الْقَمَرِ لَيْلَةَ الْبَدْرِ وَتُضَامُّونَ فِي رُؤْيَةِ الشَّمْسِ " . قَالُوا لاَ . قَالَ " فَإِنَّكُمْ سَتَرَوْنَ رَبَّكُمْ كَمَا تَرَوْنَ الْقَمَرَ لَيْلَةَ الْبَدْرِ لاَ تُضَامُّونَ فِي رُؤْيَتِهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ . وَهَكَذَا رَوَى يَحْيَى بْنُ عِيسَى الرَّمْلِيُّ وَغَيْرُ وَاحِدٍ عَنِ الأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَرَوَى عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ عَنِ الأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَحَدِيثُ ابْنِ إِدْرِيسَ عَنِ الأَعْمَشِ غَيْرُ مَحْفُوظٍ وَحَدِيثُ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَصَحُّ وَهَكَذَا رَوَاهُ سُهَيْلُ بْنُ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَقَدْ رُوِيَ عَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ مِثْلُ هَذَا الْحَدِيثِ وَهُوَ حَدِيثٌ صَحِيحٌ .

বাংলা

২৫৫৬. মুহাম্মাদ ইবন তারীফ কূফী (রহঃ) ..... আবূ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পূর্ণিমান রাতে চাঁদ দেখতে তোমাদের কি কোন হুড়োহুড়ি হয়? সূর্য দেখতে কি তোমাদের কোন হুটোপুটি হয়? সাহাবীগন বললেনঃ না। তিনি বললেনঃ তোমরা অচিরেই তোমাদের রবকে তেমনি দেখতে পাবে যেমনি পূর্ণিমার রাতে চাঁদ দেখতে পাও, তা দেখতে তোমাদের মাঝে কোন হুড়োহুড়ি হয় না। সহীহ, ইবনু মাজাহ ১৭৮, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৫৫৪ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ-গারীব। ইয়াহ্ইয়া ইবন ঈসা রামলী প্রমুখ (রহঃ) আ’মাশ-আবূ সালিহ-আবূ হুরায়রা (রাঃ)

সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এরূপ রিওয়ায়ত করেছেন। আবদুল্লাহ্ ইবন ইদরীস এটি আ’মাশ-আবূ সালিহ-আবূ সাঈদ (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। ইবন ইদরীস-আ’মাশ (রহঃ) সূত্রের রিওয়ায়তটি মাহফুজ বা সংরক্ষিত নয়। আবূ সালিহ-আবূ হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত রিওয়ায়তটি অধিক সহীহ। সুহায়ল ইবন আবূ সালিহ-তৎপিতা আবূ সালিহ-আবূ হুরায়রা (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এরূপ রিওয়ায়ত করেছেন। আবূ সাঈদ (রাঃ) সূত্রে অন্যভাবেও অনুরূপ হাদীস নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে। এই হাদীসটিও সহীহ।

## English

Abu Hurairah narrated that the Messenger of Allah (s.a.w) said:
"Do you crowd one another in order to see the moon on the night of a full moon? Do you crowd one another in order to see the sun?" They said: "No." He said: "So verily, you shall see your Lord as you see the moon on the night of a full moon, you shall not crowd one another to see Him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37910

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন